

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১/০১.৩১১৪.০০০.১৬.০০১.২০.

তারিখ: ১৪.০৭.২০২১ খ্রীঃ

বিষয়: ১০১১/১০১২ অর্থ বছরের জুলাই/২০২১ খ্রি: মাসের উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটির সভার সময় সূচী।

টংগিবাড়ী উপজেলা পরিষদের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির জানুয়ারী/২০২১ মাসের সভা আগামী ১৯.০৭.২০২১ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ এর সভাপতিত্বে উপজেলা সমাজসেবা অফিসারের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

কমিটির সম্মানিত সকল সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ তানজিল আহমেদ চৌধুরী)  
উপজেলা সমাজসেবা অফিসার  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও  
সদস্য সচিব  
উপজেলা সমাজকল্যাণ কমিটি  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

সদস্য অধিকারিত্ব জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
২. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
৬. জনাব ..... টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
৭. পরিচালক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

**উপজেলা সমাজকল্যাণ কমিটির সভা**

**তারিখঃ ১৯/০৭/২০২১খ্রিঃ**

**স্থানঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।**

উপজেলা সমাজকল্যাণ কমিটির সভা ১৯/০৭/২০২১ খ্রিঃ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন নাসিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং কাজ শুরু করার অনুমতি প্রদান করেন। সভায় প্রারম্ভে স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব মোঃ তানজিল আহমেদ চৌধুরী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সদস্যসচিব, উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি। তিনি টংগিবাড়ী উপজেলা সমাজসেবা অফিসের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের বিবরণ তুলে ধরেন।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণের আলোচনা ও পর্যালোচনার ভিত্তিতে নিম্নে বর্ণিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সভায় উপজেলা সমাজসেবা অফিসার বলেন, ২০২১-২০২২ অর্থবছর হতে বেদে ভাতা, অনগ্রসর ভাতা, বেদে শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর শিক্ষা উপবৃত্তির এমআইএস (MIS) এ ডাটা এন্ট্রি এবং নগদ হিসাব খোলার কাজ চলমান রয়েছে। এই অর্থবছর হতে উপর্যুক্ত ভাতাভোগীগণ G2P পদ্ধতিতে নগদ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে মোবাইল ভাতার অর্থ পাবেন।	সভার আলোচনা শেষে সভাপতি মহোদয় এই ভাতাভোগীগণের এমআইএস (MIS) এ ডাটা এন্ট্রির কাজ ও নগদ হিসাব খোলার কাজ দ্রুত শেষ করার ব্যাপারে সিদ্ধান্ত প্রদান করেন।	উপজেলা সমাজসেবা কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ তিনি বর্ণিত কার্যক্রমে সকলকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।

নাসিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও সভাপতি, সমাজকল্যাণ বিষয়ক কমিটি, উপজেলা সমাজসেবা অফিসের যাবতীয় কার্যক্রমে সার্বিক সহযোগিতা করবেন বলে সভাকে আশ্বস্ত করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৯/৭/২১

স্বাক্ষরঃ

(নাসিমা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১.০১.৫৯৯৪.০০০.১৬.০০১.২০.

তারিখঃ ১৯.০৭.২০২১ খ্রীঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল

১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

২। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

ও

৫। সকল সদস্য অত্র কমিটি



স্বাক্ষরঃ.....

(তানজিল আহমেদ চৌধুরী)

উপজেলা সমাজসেবা অফিসার (আঃ দঃ)

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।